

১। **কমান্ডার খুলনা নৌ অঞ্চল কর্তৃক ভাষণ।** গত ০২ অক্টোবর ২০২২ তারিখ কমান্ডার খুলনা নৌ অঞ্চল ঘাঁটিস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে খুলনা নৌ অঞ্চলে কর্মরত সকল কর্মকর্তাদের উদ্দেশ্যে "Naval Leadership In Context of Junior Leaders of BN" এর উপর ভাষণ প্রদান করেন।



চিত্রX কমান্ডার খুলনা নৌ অঞ্চল কর্তৃক ভাষণ এর খন্ড চিত্র।

২। **১৯তম সাপ্লাই এন্ড সেক্রেটারীয়েট এডভান্সড কোর্স সমাপনী মেস নাইট** গত ০৪ অক্টোবর ২০২২ স্কুল অব লজিস্টিক্স এন্ড ম্যানেজমেন্ট (সোলাম) এ অনুষ্ঠিত ১৯তম সাপ্লাই এন্ড সেক্রেটারীয়েট এডভান্সড কোর্স এর সমাপনী উপলক্ষ্যে ঘাঁটিস্থ ট্রেনিং ব্লকের বেনকোয়েট হলে কোর্স সমাপনী মেস নাইট অয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়ার এডমিরাল এম আনোয়ার হোসেন, এনজিপি, পিসিজিএম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



চিত্রঃ ১৯তম সাপ্লাই এন্ড সেক্রেটারীয়েট এডভান্সড কোর্স সমাপনী মেস নাইট এর কয়েকটি মুহূর্ত।

৩। **১৯তম সাপ্লাই এন্ড সেক্রেটারীয়েট এডভান্সড কোর্স সমাপনী সাংস্কৃতিক অনুষ্ঠান** গত ০৫ অক্টোবর ২০২২ স্কুল অব লজিস্টিক্স এন্ড ম্যানেজমেন্ট (সোলাম) এ অনুষ্ঠিত ১৯তম সাপ্লাই এন্ড সেক্রেটারীয়েট এডভান্সড কোর্স এর সমাপনী উপলক্ষ্যে ঘাঁটিস্থ ট্রেনিং ব্লকের লেকচার হলে কোর্সে অংশগ্রহণকারী অফিসারদের উপস্থাপনায় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের অয়োজন করা হয়।



চিত্রঃ ১৯তম সাপ্লাই এন্ড সেক্রেটারীয়েট এডভান্সড কোর্স সমাপনী সাংস্কৃতিক অনুষ্ঠান এর কয়েকটি মুহূর্ত।

৪। **মতবিনিময় সভা।** গত ০৬ অক্টোবর ২০২২ তারিখ কমান্ডার খুলনা নৌ অঞ্চল ঘাঁটিস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে অত্র অঞ্চলের সকল জেসিও'স এবং পিও'সদের সাথে মতবিনিময় করেন। কর্তব্যরত ব্যক্তি ব্যতিত সকল জেসিও'স ও পিও'স উক্ত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন।



চিত্রX কমান্ডার খুলনা নৌ অঞ্চল কর্তৃক জেসিও'স ও পিও'সদের সাথে মতবিনিময়ের খন্ড চিত্র।

৫। **পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উদযাপন।** গত ০৯ অক্টোবর ২০২২ তারিখ যথাযোগ্য মর্যাদায় পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উদযাপিত হয়। এ উপলক্ষ্যে ০৬ অক্টোবর ২০২২ তারিখ পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর দেয়া বাণী পাঠ করে শোনানো হয়। বিএনএফডব্লিউএ খুলনা শাখা এবং বানোজা মোংলা উপশাখা কর্তৃক গত যথাক্রমে ১৯ ও ২৩ শে অক্টোবর ২০২২ তারিখ পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী উদযাপন উপলক্ষ্যে রাসুল (সাঃ) এর জীবনাদর্শ নিয়ে আলোচনা ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।



চিত্রঃ পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষ্যে চিত্র।

৬। বিশেষ মোনাজাত প্রসঙ্গে। গত ১৩ অক্টোবর ২০২২ তারিখ প্রাক্তন নৌবাহিনী প্রধান মরহুম রিয়ার এডমিরাল মোশারোফ হোসাইন খান এর ৪র্থ মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে খুলনা নৌঅঞ্চলের সকল মসজিদে বাদ যোহর বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়।



চিত্রX প্রাক্তন নৌবাহিনী প্রধানের মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে মোনাজাতের খন্ড চিত্র।

৭। শহীদ শেখ রাসেল দিবস উদযাপন উপলক্ষ্যে বিশেষ মোনাজাত। গত ১৮ অক্টোবর ২০২২ তারিখ শেখ রাসেল দিবস উপলক্ষ্যে অত্র অঞ্চলের সকল মসজিদে বাদ যোহর বিশেষ মোনাজাত ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।



চিত্রX শেখ রাসেল দিবস উপলক্ষ্যে বিশেষ মোনাজাত ও দোয়া মাহফিলের খন্ড চিত্র।

৮। ঘূর্ণিঝড় এ ক্ষতিগ্রস্ত পটুয়াখালী কলাপাড়ার ৬০ অসহায় পরিবারকে সহায়তা প্রদান নৌবাহিনী পটুয়াখালী, ২৪ অক্টোবর ২০২২।
গত ২৪ অক্টোবর ২০২২ তারিখে বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় সিদ্দাহ এর প্রভাবে স্বাভাবিকের চেয়ে অতিরিক্ত জোয়ারের কারণে বানোঁজা শের-ই-বাংলা ঘাঁটির আশেপাশের নিচু এলাকায় বসবাসকারী দুর্যোগ কবলিত ৬০ জন (পুরুষ, মহিলা ও শিশু) স্বেচ্ছাংগে গ্রামবাসিকে ঘাঁটির ব্যবস্থাপনায় নিরাপদ আশ্রয় প্রদান, রাতের খাবার ও সকালের নাস্তার ব্যবস্থা এবং ঘূর্ণিঝড় শেষে তাদের নিজ বাসস্থানে ফেরত প্রেরণ করা হয়। বর্ণিত কাজের জন্য উক্ত এলাকায় বাংলাদেশ নৌবাহিনীর ভাবমূর্তি বহুলাংশে বৃদ্ধি পেয়েছে।



চিত্রঃ ঘূর্ণিঝড় সিদ্দাহ এ বানোঁজা শের-ই-বাংলার আশেপাশের অঞ্চলে ক্ষতিগ্রস্ত ৬০ অসহায় পরিবারকে ঘাঁটি কর্তৃক সহায়তা প্রদানের স্থিরচিত্র।

৯। কমান্ডার খুলনা নৌ অঞ্চল কর্তৃক "বানোঁজা শের-ই-বাংলা পটুয়াখালী স্থাপন" শীর্ষক প্রকল্প পরিদর্শন প্রসঙ্গে। গত ২৭ অক্টোবর ২০২২ তারিখ কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়াল এডমিরাল এম আনোয়ার হোসেন, এনজিপি, পিসিজিএম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি অত্র ঘাঁটিতে আগমন ও শের-ই-বাংলা প্রকল্প পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি ঘাঁটির বিভিন্ন প্রকল্পের কাজ ঘুরে দেখেন এবং কাজের অগ্রগতিতে সলেশ প্রকাশ করেন।



চিত্রঃ কমান্ডার খুলনা নৌ অঞ্চল কর্তৃক "বানোঁজা শের-ই-বাংলা পটুয়াখালী স্থাপন" শীর্ষক প্রকল্প পরিদর্শনের স্থিরচিত্র।

১০। কমান্ডার খুলনা নৌ অঞ্চল কর্তৃক সোলাম পরিদর্শন গত ২০ অক্টোবর ২০২২ কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়াল এডমিরাল এম আনোয়ার হোসেন, এনজিপি, পিসিজিএম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি ঘাঁটিতে নির্মাণাধীন গার্ডরুম, মেইন গেট ও মসজিদসহ চলমান সকল উন্নয়নমূলক কাজ পরিদর্শন করেন।



চিত্রঃ কমান্ডার খুলনা নৌ অঞ্চল কর্তৃক সোলাম পরিদর্শনের কয়েকটি মুহূর্ত।

সীমিত

১১। ড্রাফটিং অথরিটি কর্তৃক ভাষণ প্রদান।

গত ২০ অক্টোবর ২০২২ তারিখ ঘাঁটিস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে ড্রাফটিং অথরিটি নবীন নাবিক প্রশিক্ষণ বিদ্যালয়ে প্রশিক্ষণরত নবীন নাবিকদের উদ্দেশ্যে নাবিক জীবনের ভবিষ্যত সম্পর্কে দিক নির্দেশনামূলক ভাষণ প্রদান করেন।



চিত্রX ড্রাফটিং অথরিটি কর্তৃক নবীন নাবিকদের উদ্দেশ্যে ভাষণের খন্ড চিত্র।